রেজিস্টার্ড ডাকযোগে

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর ১৭.০০.০০০০.০১৬.১১.০২৯.২৩.৮৩৮ তারিখঃ ০৬ ডিসেম্বর ২০২৩

## নিয়োগপত্র

বিভাগীয় নির্বাচন কমিটির ০৬/১২/২০২৩ তারিখের সুপারিশ যথাযথ কর্তৃপক্ষ অনুমোদনের পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৩ অনুযায়ী জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেড: ৯,৩০০-২২,৪৯০/- বেতনক্রমে **অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক** পদে অপেক্ষমাণ তালিকা হতে নিম্নলিখিত প্রার্থীগণকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ১৭০০২৫৪৬৩ | নাম: রাজিনুর রাব্বি প্রভাত<br>পিতা: মোঃ সামিমুল হক হক্কানী<br>মাতা: কাজমা বানু | আর-২২, এইচ-৪৩ (৫ম তলা)<br>রূপনগর আবাসিক এলাকা<br>পো: মিরপুর-১২১৬<br>উপজেলা/থানা: রূপনগর<br>জেলা: ঢাকা | গ্রাম: মুনজিতপুর<br>পো: সাতক্ষীরা-৯৪০০<br>উপজেলা/থানা: সাতক্ষীরা সদর<br>জেলা: সাতক্ষীরা |
| ২ | ১৭০০১৫৭০৪ | নাম: সোহরাব হোসেন<br>পিতা: সামাউল ইসলাম<br>মাতা: রেহেনা বেগম | গ্রাম: নওদাপাড়া<br>পো: হিজলী-৭৪১০<br>উপজেলা/থানা: চৌগাছা<br>জেলা: যশোর | গ্রাম: নওদাপাড়া<br>পো: হিজলী-৭৪১০<br>উপজেলা/থানা: চৌগাছা<br>জেলা: যশোর |
| ৩ | ১৭০০৪৮০৩৭ | নাম: মোঃ তামিম হোসাইন<br>পিতা: মোঃ ইসকান্দার আলী<br>মাতা: বকুল বেগম | গ্রাম: সফিপুর<br>পো: সফিপুর-৮২৫০<br>উপজেলা/থানা: মুলাদী<br>জেলা: বরিশাল | গ্রাম: সফিপুর<br>পো: সফিপুর-৮২৫০<br>উপজেলা/থানা: মুলাদী<br>জেলা: বরিশাল |
| ৪ | ১৭০০২০৭১৪ | নাম: মোঃ মেহরাব হোসেন মাহবুব<br>পিতা: মোসলেম তালুকদার<br>মাতা: আমিনা বেগম | গ্রাম: ঝাউদী<br>পো: মাদারীপুর-৭৯০০<br>উপজেলা/থানা: মাদারীপুর সদর<br>জেলা: মাদারীপুর | গ্রাম: ঝাউদী<br>পো: মাদারীপুর-৭৯০০<br>উপজেলা/থানা: মাদারীপুর সদর<br>জেলা: মাদারীপুর |
| ৫ | ১৭০০২৫৯০৪ | নাম: মোঃ মশিউর রহমান<br>পিতা: মোঃ বছর আলী<br>মাতা: মোছাঃ ময়ুরী বেগম | গ্রাম: বাঁশজানী<br>পো: ফুলকুমার-৫৬৭০<br>উপজেলা/থানা: ভুরুঙ্গামারী<br>জেলা: কুড়িগ্রাম | গ্রাম: বাঁশজানী<br>পো: ফুলকুমার-৫৬৭০<br>উপজেলা/থানা: ভুরুঙ্গামারী<br>জেলা: কুড়িগ্রাম |
| ৬ | ১৭০০৪২৯৪২ | নাম: মোঃ রোকনুজ্জামান<br>পিতা: মোঃ আব্বাছ আলী<br>মাতা: মোছাঃ বুলবুলী বেগম | গ্রাম: বাড়ঘড়িয়া<br>পো: মহিষখোচা-৫৫১০<br>উপজেলা/থানা: আদিতমারী<br>জেলা: লালমনিরহাট | গ্রাম: বাড়ঘড়িয়া<br>পো: মহিষখোচা-৫৫১০<br>উপজেলা/থানা: আদিতমারী<br>জেলা: লালমনিরহাট |

শর্তাবলীঃ

(১) এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী হিসেবে গণ্য হবে;

(২) যোগদানকৃত প্রার্থীগণকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে শিক্ষানবিশকালের এ মেয়াদ আরো ০১ (এক) বছর বর্ধিত করতে পারবে;

(৩) শিক্ষানবিশকালে তাঁর চাকরি সন্তোষজনক বিবেচিত না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ১৪ দিনের মূল বেতন প্রদান করে চাকরিচ্যুত করা যাবে। এছাড়া, তিনি যদি স্বেচ্ছায় চাকরি হতে অব্যাহতি পেতে চান তবে ১৪ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমাদানসহ প্রশাসনিক অনুমোদনের মাধ্যমে অব্যাহতি নিতে পারবেন;

(৪) তিনি যদি বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হন তাহলে তাঁর এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(৫) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ এবং স্থায়ী ঠিকানা সম্পর্কে পুলিশ প্রতিবেদন (Verification) সংগ্রহ করা হবে। পুলিশ প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং স্থায়ী ঠিকানা সম্পর্কে কোন প্রকার গরমিল প্রমাণিত হলে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(৬) এ পদে যোগদানের সময় শারীরিক ও মানসিক সুস্থতার স্বপক্ষে ঢাকাস্থ বা স্ব-স্ব জেলার সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্য পরীক্ষা করে ডোপ টেস্ট রিপোর্ট ও শারীরিক সুস্থতার সনদসহ ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা কর্তৃপক্ষের নিকট সরকারি চাকরিতে প্রতিবন্ধক হিসেবে প্রতীয়মান হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(৭) প্রার্থীর নিজ জেলা, নাগরিকত্ব সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, কোটার সমর্থনে দাখিলকৃত সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য কাগজপত্র যাচাইয়ান্তে কোন ধরণের ভুল বা জালিয়াতি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(৮) সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন তিনি সরকারি বিধি মোতাবেক ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(৯) এই নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এইরূপ বিষয়সমূহ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(১০) সরকারি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে বিভাগীয় ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

(১১) তাঁর এই নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে; এই নিয়োগ নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ে বদলিযোগ্য হিসেবে স্বীকৃত; এবং

(১২) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ বা অন্য কোন ভাতা প্রদান করা হবে না।

২। উল্লিখিত শর্তাবলী প্রার্থী কর্তৃক গৃহীত হলে **আগামী ১৭/১২/২০২৩ তারিখে** সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [দৃ: আ: উপসচিব (জনবল ব্যবস্থাপনা)] বরাবর যোগদানপত্র দাখিল করবেন।

০৬/১২/২৩

খোরশেদ আলম
উপসচিব
জনবল ব্যবস্থাপনা অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫৩০

প্রাপকঃ

নম্বর ১৭.০০.০০০০.০১৬.১১.০২৯.২৩.৮৩৮ তারিখঃ ০৬ ডিসেম্বর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;

২. যুগ্মসচিব ----------------------------------------- (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা;
৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, --------------------------------- (সকল);
৬. উপসচিব/উপপ্রধান/পরিচালক, ------------------------------------ (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৭. সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা, .............................................. (সকল);
৮. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএন্ডএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা;
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, .............................................. (সকল);
১০. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য);
১১-১৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য);
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৬. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব,...................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
১৭. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, ......................................................... (সকল);
১৮. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ......................................................... (সকল); এবং
১৯. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৬/১২/২৩

খোরশেদ আলম
উপসচিব
জনবল ব্যবস্থাপনা অধিশাখা